

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৩ আশ্বিন, ১৪২২ বঙ্গাব্দ/০৮ অক্টোবর, ২০১৫ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং ২৯৮-আইন/আয়কর/২০১৫।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত (Ordinance) বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৫ এবং ধারা ৪ অনুসারে যথাক্রমে ঘোষিত এবং প্রতিষ্ঠিত অর্থনৈতিক অঞ্চলে পণ্য উৎপাদন বা সেবা প্রদানের লক্ষ্যে পরিচালিত এবং উক্ত Ordinance এর section 2 এর clause (20) অনুসারে সংজ্ঞায়িত কোন কোম্পানীতে নিয়োগকৃত কারিগরী জ্ঞানসম্পন্ন বিদেশী প্রকর্মীকে উক্ত কোম্পানীতে তাহার নিয়োগের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের জন্য তাহার অর্জিত আয়ের উপর প্রদেয় করের ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) পর্যন্ত এতদ্বারা অব্যাহতি প্রদান করিল:

তবে শর্ত থাকে যে, উক্ত কোম্পানী বাণিজ্যিকভাবে কার্যক্রম আরম্ভ করিবার তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসর অতিক্রম করিলে উক্ত বিদেশী প্রকর্মী এইরূপ কর অব্যাহতি সুবিধা প্রাপ্য হইবেন না।

২। দফা (১) এ বর্ণিত অব্যাহতি প্রদানের পূর্বে উক্ত বিদেশী প্রকর্মীকে—

(ক) টি আই এন গ্রহণ করিতে হইবে; এবং

(খ) উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

ব্যাখ্যা: এই প্রজ্ঞাপনে “বাণিজ্যিক কার্যক্রম আরম্ভ” বলিতে অর্থনৈতিক অঞ্চলে পরিচালিত কোম্পানী যে তারিখে ব্যবসা হইতে আয় প্রাপ্ত হইবে বা অর্জন শুরু করিবে সেই তারিখকে বুঝাইবে।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

সচিব।